# রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞার আইন করলেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের নতুন আইনে স্বাক্ষর করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) হোয়াইট হাউস বিষয়টি নিশ্চিত করেছে।

‘লিন্ডসে ও. গ্রাহাম স্যাংশনিং রাশিয়া অ্যান্ড ইরান অ্যাক্ট অফ ২০২৬’ নামের বিলটি বুধবার মার্কিন প্রতিনিধি পরিষদে অনুমোদন পায়। প্রয়াত সিনেটর লিন্ডসে গ্রাহামের নামে রাখা এই বিলটি এর আগে গত মাসে সিনেটে ৮৬-১১ ভোটে দ্বিদলীয় সমর্থনে পাস হয়েছিল।

নতুন আইনের আওতায় রাশিয়া এবং ইউক্রেন যুদ্ধে দেশটির পক্ষ নেওয়া সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রাথমিক ও মাধ্যমিক নিষেধাজ্ঞা আরোপের সুযোগ তৈরি হয়েছে। এর আওতায় রুশ কর্মকর্তা, অলিগার্ক, তাদের পরিবারের সদস্য, বিদেশি ব্যক্তি এবং রাশিয়ার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পড়তে পারে।

এ ছাড়া রাশিয়ার তেল বা গ্যাসের বড় অংশ আমদানি করে এমন দেশ এবং নিষেধাজ্ঞা এড়াতে মস্কোকে সহায়তা করে—এমন দেশ থেকে আমদানি করা পণ্যের ওপর নির্দিষ্ট শুল্ক আরোপের ক্ষমতাও প্রেসিডেন্টকে দিয়েছে আইনটি।

LENS ASIA